# সোয়াদ | □□d | ص

আয়াতঃ ৩৮ : ৩১

## আরবি মূল আয়াত:

اِذۡ عُرِضَ عَلَیۡهِ بِالۡعَشِیِّ الصّٰفِنٰتُ الۡجِیَادُ ﴿۳۱﴾

## অনুবাদসমূহ:

যখন তার সামনে সন্ধ্যাবেলায় পেশ করা হল দ্রুতগামী উৎকৃষ্ট ঘোড়াসমূহ। — আল-বায়ান

যখন তার সামনে সন্ধ্যাকালে উৎকৃষ্ট জাতের দ্রুতগামী অশ্ব উপস্থিত করা হল, — তাইসিরুল

যখন অপরাহ্নে তার সামনে ধাবমান উৎকৃষ্ট অশ্বরাজিকে উপস্থিত করা হল – — মুজিবুর রহমান

[Mention] when there were exhibited before him in the afternoon the poised [standing] racehorses. — Sahih International

৩১. যখন বিকেলে তার সামনে দ্রুতগামী উৎকৃষ্ট অশ্বরাজিকে(১) পেশ করা হল,

(১) মূলে বলা হয়েছে الصَّافِنَاتُ এর অর্থ হচ্ছে এমনসবঘোড়া যেগুলো দাঁড়িয়ে থাকার সময় অত্যন্ত শান্তভাবে দাঁড়িয়ে থাকে, লাফালাফি দাপাদাপি করে না এবং যখন দৌড়ায় অত্যন্ত দ্রুতবেগে দৌড়ায়। [দেখুন: আত-তাফসীরুস সহীহ বাগভী]

তাফসীরে জাকারিয়া

(৩১) যখন অপরাহ্নে তার সম্মুখে সুশিক্ষিত দ্রুতগামী অশ্বরাজিকে উপস্থিত করা হল,[1]

[1] صَافِنٌ ـ صَافِنَاتٌ বা صَافِنَاةٌ এর বহুবচন। এর মানে এমন অশ্বরাজি যা তিন পায়ে ভর করে দাঁড়ায়। جِيَادٌ جَوَادٌ এর বহুবচন। এর অর্থ দ্রুতগামী অশ্বরাজি। অর্থাৎ সুলাইমান (আঃ)-এর সামনে জিহাদের জন্য পালিত উৎকৃষ্ট (প্রশিক্ষণপ্রাপ্ত) দ্রুতগামী অশ্বরাজি পরিদর্শনের জন্য পেশ করা হল। عَشِيٌّ যোহর বা আসর থেকে সূর্য অস্তমিত হওয়া পর্যন্ত সময়কে বলা হয়, আমরা যাকে অপরাহ্ণ বা বিকাল বলে থাকি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4001

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন